
NHS Test and Trace


# আপনার ধাপে ধাপে নির্দেশিকা ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা) এর জন্য

**সতর্কীকরণ** অন্যান্য টেস্ট কিট থেকে উপাদানগুলি মেশাবেন না এবং মেলাবেন না

**আপনি শুরু করার আগে পুরো নির্দেশিকাটি যত্নসহকারে পড়ুন।**
এই পরীক্ষা আপনার আগে ব্যবহার করা অন্যান্য পরীক্ষার থেকে ভিন্ন হতে পারে।

## শুধুমাত্র নাক পরীক্ষা




এই নির্দেশাবলী শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), প্রোডাক্ট কোড: L031-118Y5 এর সাথে সম্পর্কিত।

এই নির্দেশিকাটি ব্যাখ্যা করে যে COVID-19 এর জন্য নিজেকে বা অন্য কোনো ব্যক্তিকে কীভাবে পরীক্ষা করতে হয় এবং ফলাফল NHS এর কাছে রিপোর্ট করতে হয়। ওয়েলশ সহ বিকল্প ভাষার সংস্করণ ও ভিডিও প্রদর্শনীগুলি **gov.uk/covid19-self-test-help** এ পাওয়া যায়

# আপনাকে যা করতে হবে

## আপনার ধাপে ধাপে নির্দেশিকা

ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা) হল COVID-19 সনাক্তকরণের জন্য একটি দ্রুত পরীক্ষা, যেখানে ব্যবহারকারীরা নিজের নাক থেকে সোয়্যাব নমুনা নেন।

এটি নিজে পরীক্ষার জন্য এবং *ইন ভিট্রো* রোগনির্ণয়ে ব্যবহারের জন্য।
নির্দেশাবলী পড়ুন এবং সঠিক ক্রমে পদক্ষেপগুলি অনুসরণ করুন।

## আপনার কেন নিজে পরীক্ষা করা উচিত

এই COVID-19 স্বয়ং-পরীক্ষার কিটটি, আপনি সংক্রামক কিনা তা পরীক্ষা করার জন্য নাকের সোয়াব পরীক্ষা। আপনার লক্ষণ না থাকলেও এটি আপনাকে বলতে পারে যে আপনার ভাইরাসটি আছে কিনা। তবে কোন ধরনের পরীক্ষা আপনার জন্য সঠিক তা যাচাই করার জন্য আপনার জাতীয় নির্দেশিকা অনুসরণ করা উচিত।

## এই পুস্তিকার ভিতরে


| | |
|---|---|
| আপনাকে যা করতে হবে | 2 |
| নির্দেশনা ও সংরক্ষণ | 3 |
| এই পরীক্ষা সম্পর্কে | 4 |
| আপনার পরীক্ষার জায়গাটি প্রস্তুত করুন | 5 |
| আপনার কিটের উপাদানগুলি পরীক্ষা করুন | 6 |
| আপনার পরীক্ষা সেট আপ করুন | 7 |
| অন্য কারো পরীক্ষা করা | 8 |
| আপনার সোয়াবের নমুনা নিন | 9 |
| সোয়াবের নমুনাটি প্রক্রিয়া করুন | 10 |
| আপনার ফলাফল পড়ুন | 12 |
| আপনার ফলাফল রিপোর্ট করুন | 14 |


এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

# নির্দেশনা ও সংরক্ষণ

| | |
|---|---|
| **সতর্কীকরণ** | আপনি উপাদানগুলি মিশিয়ে ফেলেন নি তা নিশ্চিত করতে আপনার পরীক্ষাগুলি আলাদাভাবে সংরক্ষণ করুন। এক প্রকারের পরীক্ষা থেকে তরল অন্য পরীক্ষায় কাজ করবে না। |

- যদি আপনার নাকে ফুটোয় গয়না থাকে, তাহলে সোয়াব করার আগে গয়নাটি খুলে নিন।
- যদি সোয়াব করার সময় আপনার একটি নাক থেকে রক্ত পড়ে, তাহলে দয়া করে সোয়াব করা বন্ধ করুন। সোয়াব ব্যবহার করা যাবে না এবং আপনাকে আবার শুরু করতে হবে।
- পণ্যটি প্রাকৃতিক রাবার ল্যাটেক্স দিয়ে তৈরি করা হয়নি। তবে এমন একটি সম্ভাবনা রয়েছে যে, পরিবহন বা হ্যান্ডলিং প্রক্রিয়ার সময় সামান্য পরিমাণ যোগ হয়ে যেতে পারে।
- যেখানে নমুনা বা কিটগুলি নাড়াচাড়া করা হয় সেখানে খাবেন না, পান বা ধূমপান করবেন না।
- কোনও অংশ ক্ষতিগ্রস্ত হলে পরীক্ষাটি ব্যবহার করবেন না।
- সমস্ত ব্যবহৃত পরীক্ষার উপাদান ঘরোয়া আবর্জনায় নিরাপদে বাতিল করতে হবে।
- ব্যবহারের আগে ও পরে ভালভাবে হাত ধুয়ে নিন।
- যে নমুনাগুলির মধ্যে রক্ত আছে সেগুলি ব্যবহার করা এড়ান।
- যাদের হাত ও দৃষ্টির সমস্যা আছে তাদের সোয়াব করা ও পরীক্ষার প্রক্রিয়ার ক্ষেত্রে সহায়তা প্রয়োজন হতে পারে।
- নাকের সোয়াবের নমুনা সংগ্রহ করার আগে কমপক্ষে 30 মিনিটের জন্য ন্যাসাল স্প্রে ব্যবহার করবেন না।

## সংরক্ষণ ও নাড়াচাড়া

- পরীক্ষার কিটটি শিশু এবং পশুদের থেকে দূরে সংরক্ষণ করুন।
- পরীক্ষার কিটটি 2 - 30 °C এর মধ্যবর্তী তাপমাত্রায় সংরক্ষণ করা উচিত। হিমায়িত করবেন না।
- সীল করা পাউচের ওপরে মুদ্রিত মেয়াদ অতিক্রমের তারিখের পরে পরীক্ষাটি ব্যবহার করবেন না।
- 15 - 30 °C তাপমাত্রার সীমার মধ্যে পরীক্ষাটি সম্পাদন করা উচিত।

**আপনার পরীক্ষার কিট নিরাপদে বাতিল করুন।**
আপনার পরীক্ষাটি সম্পূর্ণ হওয়ার পরে, ব্যবহৃত পরীক্ষার কিটের সমস্ত উপাদান আপনার সাধারণ ঘরোয়া আবর্জনার মধ্যে রাখুন। ফেলে দেওয়ার পরে আপনার হাত ভালোভাবে ধুয়ে নিন।

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

# এই পরীক্ষা বিষয়ে

## এই পরীক্ষা কাদের জন্য উপযোগী



**প্রাপ্তবয়স্ক**
**18 বছর এবং তার বেশি বয়সী**

নিজে পরীক্ষা করে রিপোর্ট করুন, প্রয়োজনে সহায়তা নিন।



**12 থেকে 17 বছর বয়সী কিশোরকিশোরী**

প্রাপ্তবয়স্কের তদারকিতে নিজে পরীক্ষা করে রিপোর্ট করুন। প্রয়োজন অনুযায়ী, প্রাপ্তবয়স্ক ব্যক্তি পরীক্ষাটি পরিচালনা করতে পারেন।



**শিশু**

একজন প্রাপ্তবয়স্ক দ্বারা পরীক্ষা করা উচিত। কোনো শিশুর পরীক্ষা করার ব্যাপারে আপনি আত্মবিশ্বাস বোধ না করলে এই পরীক্ষাটি করবেন না।

## আপনার যদি COVID-19 এর নতুন লক্ষণগুলি দেখা দেয়

সবচেয়ে আপ-টু-ডেট পরামর্শের জন্য **nhs.uk/coronavirus** এ যান।

**বর্তমান সুপারিশকৃত পরীক্ষাটির জন্য ব্যবস্থা করুন:**
**gov.uk/get-coronavirus-test** এ যান বা **119** ডায়াল করে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে কল করুন। লাইনগুলি প্রতিদিন সকাল 7 টা থেকে রাত 11 টা পর্যন্ত খোলা থাকে (ল্যান্ডলাইন এবং মোবাইল থেকে বিনামূল্যে কল করা যায়)।

**আপনি উদ্বিগ্ন হলে সাহায্য নিতে দেরি করবেন না। আপনার সহজাত প্রবৃত্তির উপর ভরসা রাখুন।**

### সতর্কীকরণ




**আপনি যদি আপনার লক্ষণগুলি নিয়ে চিন্তিত হন,** বা আপনার লক্ষণগুলি আরও খারাপ হয়ে যায়, তাহলে একজন GP-র সাথে যোগাযোগ করুন, **111.nhs.uk** এ NHS **111** অনলাইন পরিষেবাতে যান বা সরাসরি কারও সাথে কথা বলতে **111** নম্বরে কল করুন।

চিকিৎসাগত জরুরি অবস্থার জন্য, অবিলম্বে **999** ডায়াল করুন।

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

# আপনার পরীক্ষার জায়গাটি প্রস্তুত করুন

**আপনার প্রয়োজন হবে:** একটি টাইমার যেমন একটি ঘড়ি, ক্লক বা মোবাইল ডিভাইস, টিস্যু, সারফেস ক্লিনার, হ্যান্ড স্যানিটাইজার বা সাবান এবং উষ্ণ পানি।



1. যত্নসহকারে এই নির্দেশিকাটি পড়ুন। আপনার আরও সাহায্যের প্রয়োজন হলে অনলাইনে সোয়াব পরীক্ষার ভিডিও দেখুন: **gov.uk/covid19-self-test-help**



2. পরীক্ষাটি শুরু করার অব্যবহিত আগে, পরীক্ষার কিটটি রাখার জন্য একটি সমতল পৃষ্ঠকে পরিষ্কার করুন ও শুকিয়ে নিন।




3. সাবান ও উষ্ণ পানি বা হ্যান্ড স্যানিটাইজার দিয়ে আপনার হাত দু’টি 20 সেকেন্ড ধরে ভালোভাবে ধুয়ে নিন।


   যদি একটির বেশি পরীক্ষা করেন, তাহলে পৃষ্ঠতলটি পরিষ্কার করুন এবং প্রতিটি পরীক্ষার মাঝে আপনার হাত আবার ধুয়ে নিন।

# আপনার কিটের উপাদানগুলি পরীক্ষা করুন

| সতর্কীকরণ | অন্যান্য টেস্ট কিট থেকে উপাদানগুলি মেশাবেন না এবং মেলাবেন না |
|---|---|

## আপনার পরীক্ষার বাক্সে যা থাকা উচিত:

| 1x | 7x | 7x | 7x | 7x |
|---|---|---|---|---|
| এক্সট্র্যাকশন বাফার টিউব হোল্ডার ছিদ্র সহ বাক্স | বর্জ্য রাখার ব্যাগ | সিল করা মোড়কের ভিতরে ডিসপোজেবল সোয়াব | সিল করা প্যাকে টেস্ট ক্যাসেট | এক্সট্র্যাকশন বাফার টিউব |



**পরামর্শ**




**আপনার পরীক্ষার কিট সম্পর্কে মতামত দিন বা ক্ষতি রিপোর্ট করুন**

যদি আপনার পরীক্ষার কিটের কোনো অংশ ক্ষতিগ্রস্ত হয় বা অনুপস্থিত থাকে, তাহলে সেই পরীক্ষার কিট ব্যবহার করবেন না। আপনি প্যাকের অন্যান্য পরীক্ষার কিটগুলি এখনও ব্যবহার করতে পারেন।

আপনার যদি এই পরীক্ষার কিট ব্যবহার করে ক্ষতি হয়ে থাকে বা কোনও প্রতিক্রিয়া হয়ে থাকে, তাহলে অনুগ্রহ করে তা রিপোর্ট করুন। আপনার পরীক্ষার কিট সম্পর্কে মতামত দিতে বা আপনার ক্ষতি হয়েছে বলে রিপোর্ট করতে এখানে যান: **gov.uk/covid-19-test-feedback**

অথবা **119** এ কল করুন (মোবাইল এবং ল্যান্ডলাইন থেকে বিনামূল্যে)। লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে। **119** 200টি ভাষার পাশাপাশি ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজেও সহায়তা প্রদান করে।


# আপনার পরীক্ষা সেট আপ করুন

| **গুরুত্বপূর্ণ** | সিল করা প্যাকে মুদ্রিত মেয়াদ অতিক্রমের তারিখটি ( ) যাচাই করুন। পরীক্ষার ডিভাইসটির মেয়াদ অতিক্রমের তারিখের পরে সেটি ব্যবহার করবেন না। |
| --- | --- |





**4** টেস্ট ক্যাসেটটি সিল করা প্যাক থেকে বের করে একটি পরিষ্কার সমতল পৃষ্ঠে রাখুন।

**সতর্কীকরণ** একবার খোলা হয়ে গেলে, 30 মিনিটের মধ্যে পরীক্ষা শুরু করুন।





**5** এক্সট্র্যাকশন বাফার টিউবটিকে আপনার মুখ থেকে দূরে রেখে, সাবধানে টিউবের ওপরে সিলিং ফিল্মটি টেনে তুলুন যাতে কোনো তরল চলকে পড়া এড়ানো যায়।

**সতর্কীকরণ** যদি এক্সট্র্যাকশন বাফার টিউবের তরলটি ত্বক বা চোখে প্রবেশ করে, তাহলে অবিলম্বে ধুয়ে ফেলুন এবং প্রয়োজন হলে চিকিৎসাগত সাহায্য নিন।



**6** বাফার চলকে পড়া এড়াতে এক্সট্র্যাকশন বাফার টিউবটি এক্সট্র্যাকশন বাফার টিউব হোল্ডারের ভিতরে ঢোকান।




**7** সিল করা মোড়কের ভিতরে ডিসপোজেবল সোয়াবটি খুঁজে বের করুন এবং নরম, কাপড়ের ডগাটি সনাক্ত করুন।

আপনি যখন এটা ব্যবহার করতে প্রস্তুত থাকবেন, শুধু তখনই সোয়াব প্যাকেজিং এর মোড়ক খুলুন। আলতোভাবে সোয়াবটি বের করে নিন।




**8** কাপড়ের ডগাটি স্পর্শ করবেন না।

**সতর্কীকরণ** সোয়াবের নরম, কাপড়ের ডগাটি কখনও স্পর্শ করবেন না, নাহলে আপনাকে একটি নতুন সোয়াব দিয়ে আবার শুরু করতে হবে।

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

# অন্য কারো পরীক্ষা করা



## যদি 12 বছরের কম বয়সী শিশুদের পরীক্ষা করা হয়

12 বছরের কম বয়সী শিশুর পরীক্ষা কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তির দ্বারা করা উচিৎ। একটি শিশুকে বা সাহায্যের প্রয়োজন হয় এমন কোনো ব্যক্তিকে কিভাবে প্রস্তুত করবেন এবং পরীক্ষা করবেন সেই বিষয়ে নির্দেশিকাটি অনুসরণ করুন। আপনি এখানে একটি প্রদর্শনী ভিডিও দেখতে পারেন: **gov.uk/covid19-self-test-help**



**আপনি যদি একটি শিশুর পরীক্ষা করেন,** তাহলে তাকে পরীক্ষার কিটটি দেখান এবং আপনি কী করতে চলেছেন সেই বিষয়ে তার সঙ্গে কথা বলুন। সম্ভব হলে, শিশুকে কারো কোলে বসান বা কাউকে তার হাত ধরতে বলুন। শিশুটিকে একটি টিস্যুর মধ্যে নাক ঝাড়তে বলুন। টিস্যুটি একটি বিনে রাখুন, তারপরে সাবান এবং উষ্ণ পানি বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে **20 সেকেন্ড** ধরে আপনার হাত ভালভাবে ধুয়ে নিন।



**9** সোয়াবের কাপড়ের ডগাটি তার কোনো একটি নাসারন্ধ্রের ভিতরে আলতো করে ঢোকান যতক্ষণ না আপনি সামান্য বাধা অনুভব করেন।




**10** সোয়াবটিকে নাসারন্ধ্রের ভিতরের অংশে ঘষে 5 বার ঘোরান।

**11** সোয়াবটি বের করে নিন এবং সেই একই সোয়্যাবটি অন্য নাসারন্ধ্রের ভিতরে ঢোকান। ধাপ 9 ও ধাপ 10 এর পুনরাবৃত্তি করুন।

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে


# আপনার সোয়াবের নমুনা নিন

| **পরামর্শ** | সেরা কাজের জন্য, নাসারন্ধ্রে সোয়াব করার পরে ডিসপোজেবল সোয়াবটি যত তাড়াতাড়ি সম্ভব এক্সট্র্যাকশন বাফার টিউবে রাখুন। |
| --- | --- |






একটি টিস্যুর মধ্যে আপনার নাক ঝাড়ুন। টিস্যুটি একটি বিনে রাখুন, তারপরে সাবান এবং উষ্ণ পানি বা হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করে **20 সেকেন্ড** ধরে আপনার হাত ভালভাবে ধুয়ে নিন।




**12** সোয়াবের পুরো কাপড়ের ডগাটি একটি নাসারন্ধ্রের ভিতরে প্রবেশ করান। আলতোভাবে বৃত্তাকারে ঘুরিয়ে, সোয়াবটিকে নাসারন্ধ্রের প্রান্ত থেকে 2.5 সেমির কম দূরত্বে ঠেলুন।

এটা অস্বস্তিকর লাগতে পারে। আপনি যদি জোরালো বাধা বা ব্যথা অনুভব করেন তাহলে সোয়াবটি এর চেয়ে বেশি গভীরে ঢোকাবেন না।





**13** সোয়াবটিকে নাসারন্ধ্রের ভিতরের অংশে ঘষে 5 বার ঘোরান।

**14** সোয়াবটি বের করে নিন এবং সেই একই সোয়্যাবটি অন্য নাসারন্ধ্রের ভিতরে ঢোকান। ধাপ 12 ও ধাপ 13 এর পুনরাবৃত্তি করুন।


এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

# সোয়াবের নমুনাটি প্রক্রিয়া করুন


| | | |
|---|---|---|
| **সতর্কীকরণ** | ডেভেলপ হওয়ার জন্য 30 মিনিটের বেশি পরীক্ষাটি ফেলে রাখবেন না, কারণ এটা ফলাফলকে অকার্যকর করে দেবে। | 30 মিনিট |





**15** এক্সট্র্যাকশন বাফার টিউবটি ওঠান এবং সোয়াবের কাপড়ের ডগাটি টিউবের মধ্যে ঢোকান যাতে এটা তরলের মধ্যে থাকে। ডগাটি এক্সট্র্যাকশন বাফার টিউবের গায়ে চেপে ধরে, 30 সেকেন্ড ধরে টিউবের মধ্যে চারপাশে ঘোরান।
সেরা কাজের জন্য, নাসারন্ধ্রে সোয়াব করার পরে সোয়াবটি যত তাড়াতাড়ি সম্ভব এক্সট্র্যাকশন বাফার টিউবে রাখুন।





**16** টিউবের গায়ে চাপ দিয়ে সোয়্যাবটিকে 5 বার ঘোরান। আপনার নমুনা তরলের মধ্যে স্থানান্তরিত করার জন্য এটা করতে হয়।




**17** আপনি সোয়াবটি বের করে আনার সময়ে এক্সট্র্যাকশন বাফার টিউবটিকে সোয়্যাবের গায়ে চিমটে ধরুন। নিশ্চিত করুন যে আপনি সোয়াবের নরম ডগাটি থেকে সমস্ত তরল অপসারণ করেছেন।
যে বর্জ্য রাখার ব্যাগটি দেওয়া হয়েছে তার মধ্যে সোয়াবটি রেখে দিন।




**18** ড্রপারের ডগাটি এক্সট্র্যাকশন বাফার টিউবের ওপরে মজবুতভাবে সংযুক্ত করুন। টিউবের তলাটি ঘুরিয়ে বা নাড়িয়ে ভালভাবে মেশান।




**19** সুনিশ্চিত করুন যে পরীক্ষার কিটটি একটি পরিষ্কার ও সমতল পৃষ্ঠতলের ওপরে আছে।
পরীক্ষা করার সময়ে ক্যাসেটটি সরাবেন না।





**20** এক্সট্র্যাকশন বাফার টিউবটিকে আলতোভাবে চাপুন যাতে টেস্ট ক্যাসেটের স্পেসিমেন ওয়েল (S) এর ভিতরে 4 ফোঁটা তরল পড়ে।
নিশ্চিত হয়ে নিন যে আপনি তরলের ফোঁটা ফেলছেন, হাওয়ার বুদ্বুদ নয়।
এক্সট্র্যাকশন বাফার টিউবটিকে বর্জ্য ফেলার ব্যাগে রেখে দিন।





**21** সময় দেখুন এবং টাইমার সেট করুন। আপনি পরীক্ষার ফলাফল পড়ার আগে 15 মিনিট অপেক্ষা করুন।
টাইমার 15-30 মিনিটে পৌঁছালে ফলাফলটি পড়ুন।
30 মিনিটের পরে পড়বেন না।

# আপনার ফলাফল পড়ুন

## যদি আপনার পরীক্ষার ফলাফল পজিটিভ হয়




**দুটি রেখা দেখা যায়।**
একটি রঙীন রেখা কন্ট্রোল লাইন অঞ্চলে (**C**) থাকা উচিত এবং অন্য একটি রঙীন রেখা টেস্ট লাইন অঞ্চলে (**T**) থাকা উচিত।




দু'টি রেখা, **C**-এর পাশে একটি আর **T**-এর পাশে একটি, এমনকি আবছা হলেও দেখায় যে পরীক্ষার ফলাফল পজিটিভ এসেছে।

যদি আপনি একটি পজিটিভ ফলাফল পান, তাহলে আপনি অত্যন্ত সংক্রামক হতে পারেন।

## এরপর কী করতে হবে:

- বাড়িতে থাকার বিষয়ে পরামর্শ অনুসরণ করুন এবং অন্য লোকেদের সংস্পর্শ এড়িয়ে চলুন **nhs.uk/stay-at-home**
- আপনার ফলাফল রিপোর্ট করুন (পৃষ্ঠা 14 দেখুন এবং নির্দেশাবলী অনুসরণ করুন)। ফলাফল রিপোর্ট করার পরিষেবাটি আপনাকে এরপরে কী করতে হবে সে সম্পর্কে সবচেয়ে আপ-টু-ডেট নির্দেশনা দেবে।
- আপনি যদি পারেন, আপনি যে ব্যক্তিদের ঘনিষ্ঠ সংস্পর্শে ছিলেন তাদেরকে আপনার পজিটিভ পরীক্ষার ফলাফল সম্পর্কে জানান।


## আপনার পরিবারের অন্যদের যা করতে হবে:

- আপনি যাদের সাথে থাকেন তাদের কীভাবে COVID-19 এ আক্রান্ত হওয়া এবং তা ছড়ানো এড়াতে হবে সেই বিষয়ে: **nhs.uk/stay-at-home** এর পরামর্শ মেনে চলতে হবে

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

আপনার পরীক্ষার ফলাফল রিপোর্ট করুন


## যদি আপনার পরীক্ষার ফলাফল নেগেটিভ হয়




একটি রঙীন রেখা কন্ট্রোল লাইন অঞ্চলে (**C**) দেখা যায়। টেস্ট লাইন অঞ্চলে (**T**) কোনো রেখা দেখা যায় না। আপনি যদি একটি নেগেটিভ ফলাফল পান, তাহলে এই সম্ভাবনা আছে যে পরীক্ষাটি যে সময়ে করা হয়েছিল তখন আপনি সংক্রামক ছিলেন না।


তবে নেগেটিভ পরীক্ষার ফলাফল গ্যারান্টি দেয় না যে আপনার COVID-19 নেই। কীভাবে COVID-19 এ আক্রান্ত হওয়া এবং তা ছড়ানো এড়াতে হবে সে বিষয়ে আপনাকে এবং আপনার পরিবারকে পরামর্শ মেনে চলতে হবে **nhs.uk/how-to-avoid-covid**

## অকার্যকর ফলাফল




**নেগেটিভ ও অকার্যকর ফলাফল রিপোর্ট করলে, তা NHS-কে জানতে সাহায্য করে যে কতগুলি পরীক্ষা ব্যবহার করা হয়েছে এবং পরীক্ষাগুলিতে কোনও সমস্যা আছে কিনা।**

কন্ট্রোল লাইন (**C**) দেখা যায় না, অথবা শুধুমাত্র একটি লাল বার (**T**) দেখা যায়, যার মানে হল পরীক্ষাটি অকার্যকর হয়েছে।




**যদি আপনি একটি অকার্যকর ফলাফল পান,** এর মানে হল পরীক্ষাটি যখন করা হয়েছিল সেই সময় আপনার শরীরে ভাইরাসটি ছিল কিনা তা বলা সম্ভব নয়। আপনার করোনাভাইরাস আছে কিনা তা পরীক্ষা করার জন্য, যত তাড়াতাড়ি সম্ভব আরেকটি পরীক্ষা করুন।

**প্রথম পরীক্ষা থেকে কোনও কিছু পুনরায় ব্যবহার করবেন না,** এবং পরীক্ষা পদ্ধতিটি ধাপ 1 থেকে শুরু করুন।

**যদি সমস্যাটি থেকেই যায়,** তাহলে অবিলম্বে পরীক্ষার কিটগুলি ব্যবহার করা বন্ধ করুন। যদি আপনার কাছে অন্য কোনো পরীক্ষা না থাকে, তাহলে আপনি এর মাধ্যমে একটি ভিন্ন পরীক্ষা নিতে পারেন:

- **gov.uk/get-coronavirus-test** এ গিয়ে
- **119** নম্বরে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে কল করে। লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে।

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

# আপনার ফলাফল রিপোর্ট করুন

## আপনার পজিটিভ, নেগেটিভ বা অকার্যকর ফলাফল রিপোর্ট করা উচিত




সকল পরীক্ষার ফলাফল রেকর্ড করা হলে, তা বিজ্ঞানীদের নতুন ভাইরাসের প্রাদুর্ভাব সনাক্ত করতে এবং কীভাবে প্রতিক্রিয়া দিতে হবে সেই পরামর্শ দিতে সাহায্য করে।

যদি লোকেরা শুধুমাত্র একটি পজিটিভ ফলাফলই রিপোর্ট করে, তাহলে কেসের স্তর প্রকৃতপক্ষে যা তার চেয়ে বেশি দেখায়।

তাই আপনার পরীক্ষার ফলাফল **নেগেটিভ** বা **অকার্যকর** হলেও, আপনি নিশ্চিত করবেন যে NHS-এর তথ্য সঠিক আছে।

আপনার ফলাফল রিপোর্ট করার জন্য আপনার **QR কোড** বা **ID নম্বরটি** প্রয়োজন।

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

**আপনার পরীক্ষার ফলাফল রিপোর্ট করুন**

# কিভাবে আপনার ফলাফল রিপোর্ট করবেন




## অনলাইনে রিপোর্ট করুন (দ্রুততম)

আপনি যদি ইংল্যান্ড, ওয়েলস বা নর্দার্ন আয়ারল্যান্ডে বসবাস করেন, তাহলে দেখুন: **gov.uk/report-covid19-result**

আপনি যদি **স্কটল্যান্ডে** বসবাস করেন, তাহলে দেখুন: **covidtest.scot**




## টেলিফোনে রিপোর্ট করুন

**119** নম্বরে ফোন করুন
লাইনগুলি প্রতিদিন সকাল 7টা থেকে রাত 11টা পর্যন্ত খোলা থাকে, (মোবাইল এবং ল্যান্ডলাইন থেকে বিনামূল্য)

## ব্যবহৃত প্রতীক

| প্রতীক | অর্থ | প্রতীক | অর্থ | প্রতীক | অর্থ |
|---|---|---|---|---|---|
| | প্রস্তুতকারক | Σ | <*n*> টি পরীক্ষার জন্য যথেষ্ট আছে | 2°C – 30°C | তাপমাত্রার সীমা |
| IVD | *ইন ভিট্রো* রোগনির্ণায়ক মেডিকাল ডিভাইস | | যে তারিখের মধ্যে ব্যবহার করতে হবে | 2 | পুনরায় ব্যবহার করবেন না |
| i | ব্যবহারের নির্দেশাবলী দেখুন | LOT | লট নম্বর | REF | ক্যাটালগ নম্বর |
| EC REP | ইউরোপিয়ান কমিউনিটিতে অনুমোদিত প্রতিনিধি | | উৎপাদনের তারিখ | | শুকনো রাখুন |
| | প্যাকেজটি ক্ষতিগ্রস্ত হলে ব্যবহার করবেন না | STERILIZE | পুনরায় নির্বীজকৃত করবেন না | | রোদ থেকে দূরে রাখুন |
| STERILE EO | ইথিলিন অক্সাইড দিয়ে নির্বীজ করা হয়েছে | | পুনর্ব্যবহারযোগ্য | ! | সতর্কীকরণ, অনুগ্রহ করে নির্দেশ দেখুন |

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে

# আপনি আপনার ফলাফল রিপোর্ট করার পরেই আপনার পরীক্ষাটি সম্পূর্ণ হয়



**আপনার পরীক্ষার ফলাফল রিপোর্ট করুন**

শুধুমাত্র NHS টেস্ট অ্যান্ড ট্রেস কর্মসূচির আওতায় ইউকে স্বাস্থ্য সুরক্ষা এজেন্সি (UKHSA)-এর বাস্তবায়নের অংশ হিসেবেই এই ডিভাইস সরবরাহের অনুমতি আছে।

**Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা)**

***ACON* Biotech (Hangzhou) Co., Ltd.**
No.210 Zhenzhong Road, West Lake District,
Hangzhou, P.R. China (চীন), 310030
ওয়েবসাইট: www.aconbio.com
ইমেইল: COVID19selftest@aconlab.com.cn

EC REP
MedNet EC-REP GmbH
Borkstrasse 10
48163 Muenster, Germany (জার্মানি)

CE 0123

ACON®

**ডিসপোজেবল সোয়াব**

**Jiangsu Changfeng Medical Industry Co., Ltd.**
Touqiao Town, Guangling District, Yangzhou
225109, Jiangsu, P.R. China (চীন)

EC REP
Llins Service & Consulting GmbH
Obere Seegasse 34/2, 69124
Heidelberg, Germany (জার্মানি)

CE 0197

**বা**

**Jiangsu HanHeng Medical Technology Co., Ltd.**
16-B4, #1 North Qingyang Road, Tianning District,
Changzhou, 213017 Jiangsu P.R. China (চীন)

EC REP
Luxus Lebenswelt GmbH
Kochstr.1, 47877, Willich, Germany (জার্মানি)

CE 0197

সংস্করণ 1151414701 কার্যকরী তারিখ 2022-03-22
এই নথির সকল তথ্য ও ছবি *ACON* Biotech (Hangzhou) Co., Ltd.
Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং–পরীক্ষা), প্রোডাক্ট কোড: L031-118Y5 এর জন্য সঠিক।

এই নির্দেশ পুস্তিকাটি শুধুমাত্র ACON Flow*flex*™ SARS-CoV-2 অ্যান্টিজেন দ্রুত পরীক্ষা (স্বয়ং-পরীক্ষা), L031-118Y5 এর প্রতি উল্লেখ করে